অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/4/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের শিল্পী, শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলির জন্য 161 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার কথা ঘোষণা করলেন

2027 অর্থবছরের Council on the Arts অনুদানের প্রথম রাউন্ডের 81 মিলিয়ন মার্কিন ডলারের জন্য নির্দেশিকা এখন এখানে পাওয়া যাচ্ছে

অতিরিক্ত 80 মিলিয়ন মার্কিন ডলারের NYSCA Capital Funding-এর সুযোগ এই শরতে চালু হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে 2027 অর্থবছরে (Fiscal Year, FY) নিউ ইয়র্ক স্টেটের শিল্পী এবং ননপ্রফিট শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলির জন্য 161 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান তহবিল আছে, যার প্রথম রাউন্ডের 81 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের জন্য আবেদন এখন গ্রহণ করা হচ্ছে। মোট 80 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল প্রজেক্ট (Capital Project) তহবিলের জন্য দ্বিতীয় রাউন্ডের আবেদন 2026 সালের শরৎকালে শুরু হবে। এই সুযোগগুলি নিউ ইয়র্ক স্টেটের অতুলনীয় শিল্প ও সংস্কৃতি খাতের প্রতি স্টেটের অটল প্রতিশ্রুতির প্রতিফলন এবং নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts, NYSCA) এগুলির পরিচালনা করে।

"শিল্প ও সংস্কৃতি হলো সারা বিশ্বে নিউ ইয়র্কের প্রভাবের মুখ্য উপাদান" **গভর্নর Hochul (হোকল) বলেন।** "পর্যটন বৃদ্ধি থেকে শুরু করে শক্তিশালী এলাকা গড়ে তোলা এবং তরুণ শিক্ষার্থীদের জড়িত করা পর্যন্ত, আমাদের অতুলনীয় সাংস্কৃতিক খাতের প্রভাব পুরো স্টেটে অনুভূত হয়।" এই তহবিলের সুযোগগুলি নিশ্চিত করবে যাতে আমাদের শিল্পী এবং সাংস্কৃতিক সংস্থাগুলি তাদের কমিউনিটিকে আরো শক্তিশালী করতে এবং বিশ্বকে অনুপ্রাণিত করতে থাকতে পারে।"

এই অনুদানের সুযোগের মধ্যে আছে সংগঠনগুলির জন্য অতি প্রয়োজনীয় সাধারণ পরিচালনা সহায়তা, যা স্টেটের হাজার হাজার সংস্থার দৈনন্দিন কার্যকলাপের জন্য, এবং একই সাথে শিল্পীদের জন্য সমর্থন, সাশ্রয়ী মূল্যের রিহার্সেলের স্থান, লোকশিল্পের শিক্ষানবিশি, এবং পারফর্মিং আর্টসের রেসিডেন্সির জন্য তহবিল প্রদান করে। অনুদানের জন্য আবেদনের নির্দেশিকা arts.ny.gov/OpportunityGuidelines-এ পাওয়া যাবে।

আগে রেকর্ড করা সুযোগের ওয়েবিনারগুলি 5 জুন, 2026, শুক্রবার, NYSCA-এর ওয়েবসাইটে দেখা যাবে। পুরো জুন মাসে ভার্চুয়াল অফিস ঘণ্টা রাখা হবে। ওয়েবিনারের জন্য রেজিস্ট্রেশনের পাশাপাশি হালনাগাদ করা একটি সময়সূচি এখানে পাওয়া যাবে।

নিচের সুযোগগুলির জন্য নির্দেশিকা NYSCA-এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে:

সংস্থাগুলির জন্য সহায়তা: যোগ্য অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের জন্য নমনীয় পরিচালনা ও প্রোগ্রামের তহবিল প্রদান করে। অর্থের পরিমাণ 10,000 মার্কিন ডলার থেকে 49,500 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে।

শিল্পীদের জন্য সহায়তা: পুরো স্টেটে স্বতন্ত্র শিল্পীদের জন্য সৃজনশীল কমিশনের অর্থায়ন করে। কমিশনের ক্ষেত্রে মধ্যে আছে নৃত্য নির্দেশনা, সঙ্গীত নির্মাতা, ফিল্ম, মিডিয়া, এবং নতুন প্রযুক্তি, লোক এবং ঐতিহ্যবাহী শিল্প, একসাথে একাধিক খাত, সাহিত্য, থিয়েটার কমিশন, এবং ভিজ্যুয়াল শিল্প। অর্থের পরিমাণ হলো 10,000 মার্কিন ডলার।

নির্দিষ্ট লক্ষ্যের সুযোগের জন্য সমর্থন:

- **পারফর্মিং আর্টসের জন্য রিহার্সেল ও স্টুডিওর স্থান:** এই তহবিলের উদ্দেশ্য হলো সৃজনশীল রিহার্সেলের সময়কে এবং ননপ্রফিট শিল্পী গোষ্ঠী ও শিল্পীদেরকে যোগ্য ও সাশ্রয়ী স্থান প্রদান করে এমন সংগঠনকে সমর্থন করা। অর্থের পরিমাণ 15,000 মার্কিন ডলার থেকে 35,000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে।
- **লোক এবং ঐতিহ্যবাহী শিল্পের শিক্ষানবিশি:** এই তহবিলটি লোক শিল্পে অভিজ্ঞ ব্যক্তিদেরকে তাদের নিজেদের কমিউনিটির গুরু লোকশিল্পীর থেকে শিক্ষাগ্রহণ করার সুযোগ প্রদান করে। অর্থের পরিমাণ হলো 10,000 মার্কিন ডলার।
- **পারফর্মিং আর্টসের রেসিডেন্সি:** সুযোগটি আবেদনকারীর হোম কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটির বাইরে, নিউ ইয়র্ক স্টেটের কোনো নির্দিষ্ট লক্ষ্যের এলাকায় নিউ ইয়র্ক ভিত্তিক পার্ফর্মিং আর্টস দল প্রদত্ত সর্বনিম্ন 3-ধারাবাহিক সপ্তাহ রেসিডেন্সিকে সমর্থন করে। অর্থের পরিমাণ 15,000 মার্কিন ডলার থেকে 35,000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে।

রিগ্র্যান্ট এবং সেবার জন্য সমর্থন: পুরো স্টেটের আঞ্চলিক শিল্প ও সাংস্কৃতিক সংগঠনের একটি নেটওয়ার্ক, স্টেট কমিউনিটি রিগ্র্যান্ট (State Community Regrant) সাইটসমূহের অর্থায়নকে সমর্থন করে , এগুলি নিজেদের স্থানীয় অভিজ্ঞতা ব্যবহার করে শিল্পী ও ননপ্রফিটকে প্রদত্ত NYSCA-এর অনুদানের প্রভাব বিস্তৃত করে এবং একইসাথে এই খাতে সেবাদানকারী সংগঠনসমূহকে তহবিল প্রদান করে। এই সুযোগটি শুধু আমন্ত্রিতদের জন্য।

আবেদনের শেষ সময় হলো 8 জুলাই 2026, বিকাল 5টায়। একটি অনুদানের জন্য NYSCA আবেদনের পোর্টালে আবেদন করার পূর্বে সকল আবেদনকারীকে স্টেটওয়াইড ফাইন্যান্সিয়াল

সিস্টেমের (Statewide Financial System, SFS) মাধ্যমে প্রাক যোগ্যতার প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। যত দ্রুত সম্ভব SFS-এ প্রক্রিয়া শুরু করার জন্য NYSCA আবেদনকারীদের তাগিদ দিচ্ছে।

ক্যাপিটাল প্রজেক্ট অনুদানের জন্য সুযোগ শরৎকালে ঘোষণা করা হবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের এক্সিকিউটিভ ডিরেক্টর Erika Mallin (এরিকা ম্যালিন) বলেন, "এই অনুদানের সুযোগগুলি নিশ্চিত করে যাতে আমাদের শিল্পী এবং সংস্থাগুলি নতুন উদ্ভাবন করতে এবং আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করতে সক্ষম হয়। আমাদের সৃজনশীল খাতে কাজ করা সকলকে বলছি: আমরা আপনাদেরকে আবেদন করার এবং আমাদের মহান স্টেটে আপনাদের গুরুত্বপূর্ণ অবদান রাখতে থাকার জন্য অনুরোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের চেয়ারম্যান Patrick Willingham (প্যাট্রিক উইলিংহাম) বলেন, "আমাদের শিল্পী এবং ননপ্রফিটগুলি শুধু আমাদের সাংস্কৃতিক জীবনে অবদান রাখে না, বরং এছাড়াও তারা আমাদেরকে সৃজনশীলতার বিশ্ব রাজধানীতে পরিণত করে। আজকে আমরা 161 মিলিয়ন মার্কিন ডলারের শিল্প সম্পর্কিত সুযোগের মাধ্যমে সেই অর্জনকে সমর্থন করছি এবং নিউ ইয়র্ক স্টেটের সৃজনশীল অর্থনীতিতে বিনিয়োগ ধারাবাহিক রাখছি।"

স্টেট সিনেটর José M. Serrano (হোসে এম. সেরানো) বলেন, "আমাদের শিল্প ও সংস্কৃতি খাত কমিউনিটি জীবনের একটি ভিত্তি, এটি আমাদের এলাকাকে সমৃদ্ধ করে, অর্থনীতিকে শক্তিশালী করে এবং এখানে বসবাসকারী, ভ্রমণকারী ও কর্মরত সকলের কল্যাণে সহায়তা করে। নিউ ইয়র্ক স্টেটকে অসাধারণ করে তোলা আমাদের প্রতিভাবান শিল্পী এবং নিবেদিত সাংস্কৃতিক সংস্থাগুলিতে বিনিয়োগের মাধ্যমে আমরা আগামী প্রজন্মের জন্য সৃজনশীলতার রাজধানী হিসেবে আমাদের অবস্থান নিশ্চিত করছি।"

অ্যাসেম্বলির সদস্য Ron Kim (রন কিম) বলেন, "এই সুযোগগুলি এমন পরিশ্রমী শিল্পী এবং সাংস্কৃতিক সংস্থাগুলিকে সমর্থন করে যারা পুরো স্টেটে আমাদের কমিউনিটিগুলির জন্য অসাধারণ সুফল বয়ে আনে। আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট এই অনুদান সুযোগের মাধ্যমে তাদের শক্তিশালী শিল্প ও সংস্কৃতি খাতকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমি আমাদের সৃজনশীল কমিউনিটিকে আন্তরিকভাবে আবেদন করার অনুরোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের ব্যাপারে
নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের এর মিশন হলো সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতাকে সম্পূর্ণভাবে সম্ভব এবং অগ্রসর করা। 2027 অর্থবছরে কাউন্সিল অন দ্য আর্টস 161 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিবে যা স্টেটের 10টি অঞ্চলের সকল সংস্থা এবং শিল্পীদের সহায়তা করবে। এই ক্ষেত্রে নেতাদের একত্রিত করে এবং অর্গানাইজেশনের এবং পেশাদারদের বিকাশের সুযোগ এবং তথ্য রিসোর্স দেওয়ার মাধ্যমে কাউন্সিল অন দ্য আর্টস নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরো অগ্রসর করে। 1960 সালে গভর্নর Nelson Rockefeller-এর (নেলসন রকফেলার) তৈরি করা এবং গভর্নর Kathy Hochul

(ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার সমর্থন পেয়ে চলতে থাকা কাউন্সিলটি হলো একটি এজেন্সি যা এক্সিকিউটিভ ব্রাঞ্চের অংশ। NYSCA সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.arts.ny.gov ভিজিট করুন এবং NYSCA-এর Facebook পেজ, X-এ, যা পূর্বে Twitterনামে পরিচিত ছিল, @NYSCArts এবং Instagram-এ @NYSCouncilontheArts ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন